



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪.-৬০

তারিখ: ০৯/০১/২০১৮ খ্রি:।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের আওতাধীন কতিপয় উপজেলায় লক্ষ্য করা যাচ্ছে যে, প্রকল্পের নীতিমালা বহির্ভূতভাবে বিআরডিবি'র চলমান বিভিন্ন প্রকল্প/কর্মসূচি/ইউসিসিএ লিঃ এর আওতায় গঠিত সমিতির সদস্যদের অত্র প্রকল্পের সদস্য হিসেবে অন্তর্ভুক্তিসহ প্রকল্প/কর্মসূচি/ইউসিসিএ লিঃ এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের আত্মীয়-পরিজনদের অসৎ উদ্দেশ্যে প্রকল্পের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণসহ ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। উক্ত সদস্যগণ বিভিন্ন সময়ে উপজেলা অফিসের সহায়তায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিতে সদস্য হয়ে বিভিন্ন সুযোগ সুবিধা ভোগ করেন এবং প্রকল্প হতে নামে বেনামে ঋণ গ্রহণ করে পরিশোধ করেন না। এ সকল সুযোগ সন্ধানী সদস্যদের অনতিবিলম্বে সদস্য পদ বাতিলসহ সকল সুযোগ সুবিধা বন্ধ রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

উল্লেখ্য, প্রকল্প হতে অনুসন্ধানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোপূর্বে যে সকল কর্মকর্তা কর্মচারীদের সহযোগিতায় এ সকল সদস্য প্রকল্পের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হওয়াসহ সমিতির স্বীকৃতি প্রদান করা হয়েছে তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার উদ্যোগ নেয়া হয়েছে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: -----।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: -----, জেলা: -----।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: -----, জেলা: -----।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি/গার্ড ফাইল।